

## পায়রা বন্দর কর্তৃপক্ষ

### ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়িতব্য উন্নাবনী উদ্যোগের বিবরণ

#### উন্নাবনী উদ্যোগ-১

১। আপনার উদ্যোগের শিরোনাম অনুগ্রহ করে অনুর্ধ ১০ শব্দের মধ্যে লিখুনঃ

ট্রাফিক বিভাগের জন্য বিলিং সফটওয়্যার প্রস্তুতকরণ।

এবং উন্নাবকের বিস্তারিত তথ্য (নাম, পদবী, প্রতিষ্ঠান, মোবাইল, ইমেইল ও বাস্তবায়ন এলাকা) লিখুনঃ

মোঃ আতিকুল ইসলাম, পরিচালক (ট্রাফিক), পায়রা বন্দর কর্তৃপক্ষ, ০১৭৩১০১১৯৬৪,  
director.traffic@ppa.gov.bd, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।

২। যে সমস্যাটিকে চিহ্নিত করতে চান তার বিবরণ লিখুন \*অনুগ্রহ করে ২০০ শব্দের মধ্যে লিখুনঃ

পায়রা বন্দরের অপারেশন কাজের অংশ হিসাবে আমদানী, রপ্তানীর কাজে নিয়োজিত জাহাজ সমূহের বার্থিং, আনবার্থিং, বার্থ অকুপেল্সি, পণ্য খালাস, পণ্য বোরাই, ল্যান্ডিং, শিপিং শেড, ইয়ার্ড, টার্মিনাল, ওয়্যারহাউজ, ইত্যাদির ব্যবস্থাপনা কার্য-পরিচালনা ট্রাফিক বিভাগ কর্তৃক পরিচালিত হয়। উল্লেখিত অপারেশন-এর সেবামূল্য হিসাবে ট্যারিফ শিডিউল অনুসারে পোর্ট ডিউজ, রিভার ডিউজ, বার্থিং, আনবার্থিং, বার্থ অকুপেল্সি চার্জ, টার্মিনাল চার্জ, ক্রেন চার্জ, ওয়্যারহাউজ চার্জ, ইয়ার্ড চার্জ, শেড চার্জ, স্পেস রেইট, স্টোরেজ চার্জ, হোস্টিং চার্জ, টাগ চার্জ, পাইলটেজ চার্জ, ফিক্সড মোরিং, নাইট নেভিগেশন, শিফটিং চার্জ ইত্যাদি বাবদ প্রাপ্ত বিল ট্যারিফ শিডিউলে উল্লেখিত রেইট হতে হিসাব করে ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন করা হয়। এতে অধিক সময় ব্যয়, হিসাবের ক্রটি ও ব্যবহারকারীদের বার বার ভিজিট করতে হয়। হিসাব সংশোধন/সমন্বয়ের জন্য ও অধিক সময় ব্যয় হয়। তাছাড়া বিল প্রস্তুতের জন্য অপর্যাপ্ত ডকুমেন্ট, প্রয়োজনীয় ডকুমেন্টের অভাব, এক্সচেঞ্জ রেট, মুদ্রার বিনিময় হিসাব ইত্যাদির জটিলতার কারণে গ্রাহক ভোগান্তি হয় ও বিল সমন্বয়ে অতিরিক্ত শ্রমঘন্টা ব্যয় হয়।

৩। আপনার প্রস্তাবিত সমাধান টি লিখুন \*অনুগ্রহ করে ২০০ শব্দের মধ্যে লিখুনঃ

কম্পিউটার পদ্ধতিতে সফটওয়্যার সিস্টেমে উল্লেখিত ট্যারিফ সমূহ হিসাব করার জন্য একটি সফটওয়্যার তৈরী করা হবে। ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সফটওয়্যারের মাধ্যমে হিসাব সমূহ-সম্পন্ন করে, অটোমেশন পদ্ধতিতে বন্দরের রাজস্ব আয় আদায়ের জন্য বিলিং কাজ সম্পন্ন করা হবে। এতে সময় সাধায় হবে, নির্ভুলভাবে হিসাব তৈরীর ফলে ব্যবহারকারীদের ভিজিট হ্রাস পাবে, অটোমেশন পদ্ধতির ফলে বিলিং সমন্বয়ের গুণগতমান বৃদ্ধি পাবে ও রাজস্ব অর্জনে নতুন মূল্য সংযোজন হবে।

#### ৪। “সমস্যা সমাধান” এর বিস্তারিত সংযুক্তিৎ

ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অটোমেটেড সিস্টেমে বিলিং কার্য সম্পাদনের জন্য বিলিং সফটওয়্যার তৈরী করা হবে যার মাধ্যমে নিম্নোক্ত সুবিধাগুলি পাওয়া যাবে:

বিলিং সফটওয়্যারের মাধ্যমে যে সেবা সমূহ তৈরী করা হবে।

- বন্দর আয় সংশ্লিষ্ট ৫৪ টি ট্যারিফ আইটেমের একটি ফরমেট তৈরী করা হবে।
- ফরমেটমত এজেন্ট ভিত্তিক ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সফটওয়্যার এর মাধ্যমে বিল পোষ্টিং দেয়া যাবে।
- সফটওয়্যার এ এজেন্ট বিলসমূহ ডাউনলোড করে নিতে পারবে। (এতে তাদের ভিজিট হাস পাবে)
- এজেন্ট সমূহ বিল সংশ্লিষ্ট ডকুমেন্ট সিস্টেমে আপলোড করতে পারবে।
- বিলের জন্য মোবাইলে এসএমএস এর মাধ্যমে সিস্টেম হতে এজেন্ট এর নিকট যাবে।
- অনলাইন ব্যাংকিং গেইটওয়ে পেমেন্ট সুবিধা।
- এজেন্ট ভিত্তিক রিভলিউভিং হিসাব (revolving account) তথ্য প্রতিবেদন সিস্টেম থেকে পাওয়া যাবে।
- বিল রিপোর্ট সিস্টেম থেকে প্রিন্ট করা যাবে।
- এজেন্ট তালিকাভূক্তি/নবায়ন ডেটাবেইজ থাকবে।
- সিস্টেম হতে এসএমএস/ই-মেইল মোবাইল তালিকাভূক্ত এজেন্টের নিকট তথ্য প্রেরণ/যোগাযোগ সুবিধা থাকবে।
- বিল সংশ্লিষ্ট কাজের ডেটাবেইজ তৈরী করা হবে।
- ডেটাবেইজ হতে বন্দরের ট্রাফিক/রাজস্ব সংক্রান্ত কাস্টমাইজড/পরিসংখ্যান/গ্রাফ/ বিশ্লেষণ সুবিধা থাকবে।
- সিস্টেম হতে রিয়েল টাইম কারেন্সি এক্সচেঞ্জ রেট সংগ্রহ করা যাবে।
- সিস্টেম ডেটা এনক্রিপশন (encryption) সাপোর্ট প্রদান করবে।

#### ৫। আপনার উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে বলে মনে করছেন।

কম্পিউটার পদ্ধতিতে সফটওয়্যার সিস্টেমে উল্লেখিত ট্যারিফ সমূহ হিসাব করার জন্য একটি সফটওয়্যার তৈরী করা হবে। ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সফটওয়্যারের মাধ্যমে হিসাব সমূহ-সম্পন্ন করে, অটোমেশন পদ্ধতিতে বন্দরের রাজস্ব আয়ের অর্জনের জন্য বিলিং কাজ সম্পন্ন করা হবে। এতে সময় সাধারণ হবে, নির্ভুলভাবে হিসাব তৈরীর ফলে ব্যবহারকারীদের ভিজিট হাস পাবে, অটোমেশন পদ্ধতির ফলে বিলিং সমন্বয়ের গুণগতমান বৃদ্ধি পাবে ও রাজস্ব অর্জনে নতুন মূল্য সংযোজিত হবে।

#### ৬। যে ধরনের ইভেন্ট/কর্মশালা হতে উভাবনের শুরুঃ

ইনোভেশন বিষয়ক কর্মশালা, নো-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

#### ৭। ইভেন্ট/কর্মশালার তারিখঃ

২৮ জুন ২০২১

৮। ইভেন্ট/কর্মশালার স্থানঃ

নো-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সমস্যার মূল কারণ \*সর্বোচ্চ ৫০ শব্দের মধ্যে লিখুনঃ

ট্রাফিক বিভাগের ৫৪ টি আইটেমের উপর বিভিন্ন এজেন্ট/সেবাগ্রহিতার নিকট বিল প্রস্তুত/বিল সংগ্রহ, পে-অর্ডার বিল সমন্বয়ের কাজ সম্পর্ক করতে হয়। বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে বিলিং কার্য পরিচালিত হয়। এতে বিল প্রস্তুতে দীর্ঘসূত্রিতা, ভূল হিসাব, হিসাবের গড়মিল, বিল পরিশোধে জটিলতা, গ্রাহক ভোগান্তি ইত্যাদি সমস্যার কারণে বিল সংক্রান্ত কাজসমূহ সন্তোষজনক নয়।

১০। ভুক্তভোগী জনগোষ্ঠী \*সর্বোচ্চ ৫০ শব্দের মধ্যে লিখুনঃ

পায়রা বন্দরের অপারেশনাল কাজের সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, সি এন্ড এফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার, লাইটারেজ, ঠিকাদার, ইলিভেটর, শিপ চ্যান্ডলার, পারচেজিং, শিপ রিপেয়ারিং, ডানেজ সাপ্লাইয়ার, চিপিং এন্ড পেইন্ট কন্ট্রাক্টর, ডেন্ডর, ওয়াচম্যান সাপ্লাইয়ার, ডানেজ সাপ্লাইয়ার, গারবেজ ক্লিনার, প্রতিশন সাপ্লাইয়ার ইত্যাদি